দৈনিক জনকণ্ঠ

তারিখ DEC. 2 7 1999
পৃষ্ঠা ১২ কলাম ১

# স্কুলের সামনে অভিভাবকদের উপচেপড়া ভিড় ॥ রাস্তায় তীব্র যানজট, ৮ স্কুলে ভর্তি পরীক্ষা

জনকণ্ঠ রিপোর্ট

রাজধানীর ৮টি সরকারী স্কুলে রবিবার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। স্কুলগুলো হচ্ছে গবঃ ল্যাবরেটরি হাই স্কুল, মিরপুর উচ্চ বিদ্যালয়, মতিঝিল বালিকা বিদ্যালয়, খিলগাঁও উচ্চ বিদ্যালয়, নবাবপুর উচ্চ বিদ্যালয়, নিউ গবঃ গার্লস স্কুল, ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়। ভর্তি পরীক্ষা উপলক্ষে রাজধানীর স্কুলগুলোর সামনে রবিবার সকালে ছিল অভিভাবকদের উপচেপড়া ভিড়। এই ভিড়ের কারণে অনেক স্কুলের সামনে তীব্র যানজটের সৃষ্টি হয়। সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ভর্তিচ্ছুদের পরীক্ষা হওয়ায় পরীক্ষা শেষে হুলস্থূল কাণ্ড বেধে যায়। কেননা এসব পরীক্ষার্থীকে অভিভাবকদের হাতে তুলে দিতে হয়েছে। গবঃ ল্যাবরেটরি স্কুলে আড়াই সহস্রাধিক পরীক্ষার্থীর অভিভাবকদের হাতে তুলে দিতে প্রায় তিন ঘণ্টা সময় লেগে যায়। দীর্ঘ সময় লাগায় অনেক পরীক্ষার্থী কান্নাকাটি শুরু করে দেয়।

আজ সোমবার অনুষ্ঠিত হবে মতিঝিল বালক উচ্চ বিদ্যালয়, গবঃ মুসলিম স্কুল, বাংলাবাজার বালিকা বিদ্যালয়, শেরেবাংলা নগর বালক বিদ্যালয়, বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমণ্ডি বালিকা বিদ্যালয়, নারিন্দা উচ্চ বিদ্যালয় ও আরমানিটোলা উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা।